**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
**(সমন্বয় ও সংসদ অধিশাখা)**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৫১.০০.০০০০.২২২.০০৬.০৪.২২-**৫৫** তারিখ- ০২ মার্চ ২০২২

**বিষয়ঃ** **মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফেব্রুয়ারি ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

২। উল্লেখ্য যে, সভার সিদ্ধান্তের আলোকে অগ্রগতি প্রতিবেদন **আগামী ০৬ মার্চ ২০২২** তারিখের মধ্যে হার্ডকপি এবং ই-মেইলে সফটকপি (সমন্বয় ও সংসদ) অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তঃ বর্ণনামতে।**

02/03/2022

(মোঃ হাবিব উল্যা)
সহকারী সচিব
ফোনঃ০১৭১২-১২৫৮৩৮
dscoordination.dmrd@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা,
২। অতিরিক্ত সচিব......................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, মোটেল রোড, কক্সবাজার।
৪। যুগ্মসচিব.......................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা।
৬। উপসচিব....................................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব............................... (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা। **(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
১০। সহকারী সচিব-........(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

**অনুলিপিঃ**

১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতি মন্ত্রীর সদয় অবগতির জন্য), ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
**(সমন্বয় ও সংসদ অধিশাখা)**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ কামরুল হাসান *এনডিসি*<br>সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| স্থান | : | সম্মেলন কক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| সময় | : | সকাল ৯.৩০ ঘটিকা |
| তারিখ | : | ২০ ফেব্রুয়ারি ২০২২ |

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ) সভাপতির অনুমতিক্রমে সভার এজেন্ডা ভিত্তিক বিষয়বস্তু উপস্থাপন করেন।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে সংযোজন/বিয়োজনের কোন প্রস্তাব/সুপারিশ না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সকলে একমত পোষণ করেন। | জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২ | অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত | অনিষ্পন্ন চিঠিসমূহ দ্রুত নিষ্পত্তিসহ, পেন্ডিং তালিকা যাচাইরের বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনায় পরিলক্ষিত হয় যে, বেশ আগে দুব্যঅ হতে প্রেরিত কিছু পত্র এখনও উপস্থাপন করা হয়নি। পরবর্তী সভায় সকল উইং এবং সকল সংস্থা হতে সর্বশেষ অনিষ্পন্ন বিষয়সমূহের হালনাগাদ তথ্যসহ সকলকে উপস্থিত থাকার বিষয়ে সভায় গরুত্বারোপ করা হয়। | ১. অনিষ্পন্ন চিঠিসমূহ দ্রুত নিষ্পত্তিসহ পেন্ডিং তালিকা ভালভাবে যাচাই করতে হবে। কোন পেন্ডিং বিষয় যেন তালিকা থেকে বাদ না যায় সেদিকে খেয়াল রাখতে হবে।<br>২. অনিষ্পন্ন বিষয়াদির তালিকা সুনির্দিষ্ট হতে হবে এবং তা নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। সচিবালয় নির্দেশমালা অনুযায়ী এক মাসের অধিক বিষয় সমূহের বিবরণ অত্যন্ত সংক্ষিপ্ত আকারে দিতে হবে। সচিবালয় নির্দেশমালা অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে যথাসময়ে নথি উপস্থাপন করতে হবে।<br>৩. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে নিয়োগবিধি, আপগ্রেডেশন সংক্রান্ত পত্রের কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে। | অনুবিভাগ প্রধান/শাখা/ অধিশাখা প্রধানগণ। |
| ৩ | প্রশিক্ষণ | ১. প্রশিক্ষণ খাতের টাকা নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে খরচ করার নিমিত্ত প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভায় আলোচনা হয়।<br>২. প্রশিক্ষণের ভ্রমণ বিল খাতে বরাদ্দ না থাকায় এবং ভ্রমণ বিল বকেয়া থাকায় ঢাকার বাইরে প্রশিক্ষণের পরিবর্তে ঢাকাতে প্রশিক্ষণের আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>৩. বিদেশ প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা যায় কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়।<br>৪. প্রশিক্ষণের কারণে দাপ্তরিক কার্যক্রম যাতে | ১. প্রশিক্ষণ খাতের টাকা নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে খরচ করার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২. প্রশিক্ষণের ভ্রমণ বিল খাতে দ্রুত বরাদ্দের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>৩. বিদেশ প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৪. প্রশিক্ষণের কারণে দাপ্তরিক কার্যক্রম যাতে ব্যাহত না হয় সে বিষয়ে খেয়াল রাখতে হবে এবং প্রতিশাখা হতে যে কোন ০১ জনকে অনুবিভাগ প্রধানগণের | মহাপরিচালক (দুব্যঅ)/অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) অতিরিক্ত (প্রশাঃ) /উপসচিব (প্রশিক্ষণ)/ উপসচিব (শুদ্ধাচার ও ইনোভেশন, উপসচিব (দুব্য-১/২)/ সংশ্লিষ্ট সকল। |

১/২

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যাহত না হয় সে বিষয়ে খেয়াল রাখতে হবে এবং প্রতিশাখা হতে যে কোন ১ জনকে মনোনয়ন দিতে হবে মর্মে সভায় আলোচনা হয়। অনুবিভাগ প্রধানগণের সুপারিশের ভিত্তিতে মনোনয়ের প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>৫. Communicative English Course টি ২টি ব্যাচে শেষ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>৬. অডিট শাখার ৩৫ জন কর্মকর্তাদের ৭ দিনের প্রশিক্ষণ একই ব্যাচে ফিমাতে আয়োজনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | সুপারিশের ভিত্তিতে মনোনয়ন দিতে হবে।<br>৫. Communicative English Courseটি ২টি ব্যাচে শেষ করতে হবে।<br>৬. অডিট শাখার ৩৫ জন কর্মকর্তাদের ৭ দিনের প্রশিক্ষণ একই ব্যাচে ফিমাতে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৪ | অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত | ১. জানুয়ারী/২০২২ খ্রি: মাসে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, নিরীক্ষা অধিদপ্তর ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়সমূহে মোট ৭৭ টি পত্র প্রেরণ করা হয়েছে এবং উক্ত সময়ে উপরে বর্ণিত কার্যালয়সমূহ হতে প্রাপ্ত ১২টি সাধারণ চিঠি/ব্রডসীট জবাব ইত্যাদির উপর কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়।<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যালয়ে রাজস্ব (১৯৯৫.১৯৯৭ থেকে ২০১৮-২০১৯ পর্যন্ত) খাতে অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণঃ-<br>২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে মোট অনিষ্পন্ন অডিট আপত্তি আছে ১০০ টি। ১০০ টি আপত্তির নিষ্পত্তিমূলক জবাব বিভিন্ন সময়ে মন্ত্রণালয় ও অডিট অফিসে প্রেরণ করা হয়েছে। প্রেরিত জবাবের আলোকে এ পর্যন্ত ২১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। অধিদপ্তরের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অডিট সেলে জনবল বৃদ্ধিসহ প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | ১. অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত অতিরিক্ত সচিব /যুগ্মসচিব /উপসচিবগণ দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ জেলাসমূহ পরিদর্শনপূর্বক অনিষ্পন্ন আপত্তিসমূহ দ্বি-পাক্ষিক এবং ত্রি-পাক্ষিক সভার মাধ্যমে নিষ্পত্তির হার বৃদ্ধি করবেন।<br>২. অডিট আপত্তি নিষ্পত্তির ব্যাপারে যথাসাধ্য চেষ্টা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ/অতিরিক্ত সচিব (অডিট)/ যুগ্মসচিব (অডিট)/ উপসচিব (অডিট) এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ। |
| ৫ | গভর্নেন্স ইনোভেশন সংক্রান্ত | ১.ইনোভেশন হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক হেরিং বোন বন্ড রাস্তাগুলোকে আইডি নাম্বার দেয়া হবে মর্মে সভায় আলোচনা হয়। এ পর্যন্ত ৫১ জেলার রাস্তার আইডি পাওয়া গিয়াছে মর্মে মহাপরিচালক, দুব্যঅ সভাকে জানান। তাছাড়া, ৭ লাখ রাস্তার মধ্যে নাম্বার এন্ট্রি করা হবে মর্মে সভাকে জানানো হয়।<br>২. এ মন্ত্রণালয়ের ক্রয়কার্য অন্তত ১৫% ই-টেন্ডারিং এর মাধ্যমে করার বিষয়েও আলোচনা হয়।<br>৩. তাছাড়া সভায় পিআইওদের তথ্যসমৃদ্ধ ডাটাবেজ তৈরি বিষয়ে সভায় আলোচনা হয়। এ কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ১.ইনোভেশন হিসেবে মন্ত্রণালয়ে হেরিং বোন বন্ড রাস্তাগুলোকে আইডি নাম্বার দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২. এ মন্ত্রণালয়ের ক্রয়কার্য অন্তত ১৫% ই-টেন্ডারিং এর মাধ্যমে করতে হবে।<br>৩. পিআইওদের তথ্যসমৃদ্ধ ডাটাবেজ তৈরি করতে হবে। | টিমপ্রধান ও টিমের সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। |
| ৬ | NIS (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) | এ বছর দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ৫১টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৮০.২৮ নাম্বার পেয়ে ১১তম স্থান অধিকার করেছে | জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। আরো ভাল ফলাফল করার জন্য তৎপরতা অব্যাহত | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মর্মে সভাকে অবহিত করা হয়। এ বিষয়ে, মন্ত্রিপরিষদ সচিব কর্তৃক ধন্যবাদ জানিয়ে ডিও পত্র প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া, ২-৯, ১০-১৬ এবং ১৭-২০তম গ্রেডের কর্মকর্তা ও কর্মচারিদের মধ্যে হতে ৩ জনকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার দেয়া বিধান হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | রাখতে হবে। | |
| ৭ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ১. ২০২১-২২ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিভাগ ও জেলা পরিদর্শনের ক্ষেত্রে অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিবগণ প্রয়োজনে ডিআরআরও ও পিআইওদের সাথে জুম মিটিং করবেন মর্মে সভায় আলোচনা হয়।<br>২. এছাড়াও অতিরিক্ত সচিব (প্রশাঃ) জানান যে, যথাশীঘ্র ভ্রমণ ব্যয় বাজেট বরাদ্দ আনার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তিনি সকলকে পরিদর্শনপূর্বক যথাসময়ে রির্পোট প্রদানের অনুরোধ করেন।<br>৩. ভ্রমণ বিল নেয়ার সময় পরিদর্শনের একটি কপি হিসাব শাখায় জমা দিতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | ১. সকল কর্মকর্তাকে গুরুত্বসহকারে জেলাভিত্তিক চলমান কর্মসূচী/ প্রকল্পসমূহ পরিবীক্ষণ ও পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন শেষে রিপোর্ট দাখিল করতে হবে এবং এর কপি ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে দিতে হবে।<br>২. ডিআরআরও ও পিআইওদের সাথে প্রয়োজনে জুম মিটিং করবেন।<br>৩. ভ্রমণ বিল গ্রহণের সময় পরিদর্শনের একটি কপি হিসাব শাখায় জমা দিতে হবে। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ মহাপরিচালক (দুব্যঅ), পরিচালক (প্রশাসন) সিপিপি । ডিআরআরও এবং সকল কর্মকর্তাবৃন্দ। |
| ৮ | মামলা সংক্রান্ত | ১. মহামান্য হাইকোর্টসহ সকল আদালতে বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।<br>২. বিচারাধীন গুরুত্বপূর্ণ মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে সচিব মহোদয়কে অবহিত করা বিষয়ে আলোচনা হয়।<br>৩. প্রত্যেক মামলায় সরকার পক্ষে অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে এবং নিয়োগকৃত ৩ জন প্যানেল আইনজীবীর মধ্যে চলমান মামলাসমূহ ভাগ করে দেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>৪. গুরুত্বপূর্ণ মামলার বিষয়ে মহাপরিচালক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিকট থেকে প্রাপ্ত মতামত যথা সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা এবং প্যানেল আইনজীবিকে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১. মহামান্য হাইকোর্টসহ সকল আদালতে বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২. বিচারাধীন গুরুত্বপূর্ণ মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে সচিব মহোদয়কে অবহিত করতে হবে।<br>৩. প্রত্যেক মামলায় সরকার পক্ষে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>৪. গুরুত্বপূর্ণ মামলার বিষয়ে মহাপরিচালক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিকট থেকে প্রাপ্ত মতামত যথা সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং প্যানেল আইনজীবিকে দায়িত্ব প্রদান করতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ/অতিরিক্ত সচিব (আইন)/ উপ সচিব (আইন)। |
| ৯ | মন্ত্রণালয়ের সেবা সংক্রান্ত | অতিরিক্ত সচিব (দুব্য-১/ত্রাণ প্রশাসন) জানান যে ত্রাণ প্রশাসন অনুবিভাগের জন্য ২টি ফুল সেট কম্পিউটার প্রয়োজন। তাছাড়া উপসচিব (এনডিআরসিসি) সভাকে জানান যে মন্ত্রণালয়ের এনডিআরসিসিতে ব্যবহৃত এসি নষ্ট থাকায় জরুরি ভিত্তিতে এসিটি মেরামত প্রয়োজন। চলতি অর্থবছরের মধ্যে মন্ত্রণালয়ের প্রত্যেকটি কক্ষকে প্রাধিকার অনুযায়ী সংস্কার/ সৌন্দর্যবর্ধন এবং ই-রিকুজিশনের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | ১. ইন্টারকম, টেলিফোন, ইন্টারনেট, কেবল লাইন সংযোগ সচল রাখতে হবে।<br>২. আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক নিয়মিত বিল পরিশোধ করতে হবে।<br>৩. চাহিদা অনুযায়ী কম্পিউটার সামগ্রিসহ অফিস সরঞ্জামাদি দ্রুত সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পেন্ডিং চাহিদা নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। ত্রাণ প্রশাসন অনুবিভাগের চাহিদা যাচাইপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. চলতি অর্থবছরের মধ্যে মন্ত্রণালয়ের প্রত্যেকটি কক্ষকে প্রাধিকার অনুযায়ী সংস্কার/সৌন্দর্য বর্ধন করতে হবে।<br>৫.সকল চাহিদা ই-রিকুজিশনের | অতিঃ সচিব/ (প্রশাসন), যুগ্মসচিব (প্রশাসন)/যুগ্মসচিব (সেবা)/ উপসচিব (সেবা)/সহকারি সচিব (সেবা)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পদ্ধতিতে গ্রহণ করতে হবে এবং ম্যানুয়েল পদ্ধতি বন্ধ করতে হবে।<br>৬. এনডিআরসিসির এসি মেরামত/ নতুন এসি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭. ইন্টারনেটের গতি বাড়াতে সার্ভার রুমের কাজ সম্পন্ন করার বিষয়ে Flora কোম্পানী লিমিটেডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| ১০ | ওয়েবসাইট হাল নাগাদকরণ | মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। তাছাড়া মনিটরিং কমিটি কর্তৃক নিয়মিত তদারকি করা, সংশ্লিষ্ট শাখা হতে স্পষ্ট ও পরিচ্ছন্ন কপি আইসিটি সেলে প্রেরণ এবং website এ Upload নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। গুরুত্বপূর্ণ নোটিশসহ বিভিন্ন আদেশাবলী যেন website এ সব সময় থাকে সেদিকে গুরুত্বআরোপ করার বিষয়েও সভায় আলোচনা হয়। | ১. মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন মনিটরিং কমিটি সমন্বয় ও সংসদ শাখায় প্রতিমাসে প্রেরণ নিশ্চিত করবেন।<br>২. সংশ্লিষ্ট শাখা হতে স্পষ্ট ও পরিচ্ছন্ন কপি আইটি সেলে প্রেরণ এবং website এ Upload নিশ্চিত করতে হবে।<br>৩. গুরুত্বপূর্ণ নোটিশসহ বিভিন্ন আদেশাবলী যেন website এ সব সময় থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। | সংস্থা প্রধানগণ /সংশ্লিষ্ট মনিটরিং কমিটি /আইসিটি সেল |
| ১১ | শূন্য পদে জনবল নিয়োগ/ পদোন্নতি | ১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১১-১৬তম এবং ২০তম গ্রেডের (৩য় ও ৪র্থ) শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত প্রার্থীদের নিকট থেকে ৮টি ক্যাটাগরিতে ৩৯টি পদের বিপরীতে ২৫,৩৩২টি আবেদন গ্রহণ করা হয়েছে। নিয়োগ সংক্রান্ত পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান মর্মে সভাকে অবহিত করা হয়।<br>২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির ৬ ক্যাটাগরির ৬২ টি শূন্যপদ পূরণের নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং তারা ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে যোগদান করেছে মর্মে সভাকে অবহিত করা হয়। তাছাড়া ১৭ জন ১ম শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা পদে পদোন্নতি দেওয়া হয়েছে এবং ২০ জন ২য় শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে ১ম শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পদে পদোন্নতি দেওয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>৩. ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) ১৮ ক্যাটাগরিতে ১০৮ (একশত আট) টি শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রমে অভিযোগ উত্থাপিত হওয়ায় আপাতত নিয়োগ কার্যক্রম স্থগিত আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ১. মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগ/ পদোন্নতি কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করতে হবে।<br>২. আইসিটি শাখার ৩ জন প্রোগ্রামার নিয়োগের বিষয়ে পিএসসিতে প্রেরিত প্রস্তাব সম্পর্কে সার্বক্ষণিক যোগাযোগ করে নিয়োগ প্রক্রিয়া তরান্বিত করতে হবে। | মহাপরিচালক ,দুব্যঅ/ অতিরিক্ত সচিব প্রশাসন)/পরিচালক (প্রশাসন), সিপিপি |
| ১২ | প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক | প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রয়োজনীয় তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করার ব্যাপারে সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণকে অধিকতর তৎপর হওয়ার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ১. প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ নিশ্চিত করার নিমিত্ত সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণ তৎপরতা অব্যাহত রাখবেন।<br>২. অগ্রগতির তথ্যাদির হার্ডকপি ও সফটকপি নির্ধারিত সময়ের মধ্যে | মহাপরিচালক, দুব্যঅ/পরিচালক (প্রশাসন) সিপিপি/ অনুবিভাগের প্রধানগণ ও শাখা/ অধিশাখার কর্মকর্তাগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | তথ্যাদি প্রেরণ | | সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | |
| ১৩ | e-Filing কার্যক্রম সংক্রান্ত। | ১. e-Filing কার্যক্রম আরও ত্বরান্বিত করার জন্য প্রত্যেক অনুবিভাগ প্রধানের সহযোগিতা প্রয়োজন। সভাপতি এ বিষয়ে সকল অতিরিক্ত সচিবকে নিজ নিজ দপ্তরের কার্যক্রম e-Filing এ সম্পন্ন করার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।<br>২. ইন্টারনেটের গতিবৃদ্ধি, e-Filing কার্যক্রমের অগ্রগতি বাড়ানো এবং e-Filing এ নথি নিষ্পত্তি বৃদ্ধির বিষয়েও আলোচনা হয়।<br>৩. e-Filing সকল উইং থেক শুরু করতে হবে। কোন শাখা হতে একটি নথিও e-Filing সম্পন্ন না করা হলে সমস্যা সম্পর্কে জানাতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | ১. e-Filing এ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। অনুবিভাগ প্রধানগণ নিজ নিজ দপ্তরের কার্যক্রম ই-নথিতে নিষ্পত্তির বিষয়ে উদ্যোগ নিবেন।<br>২. e-Filing সকল উইং থেকে শুরু করতে হবে। কোন শাখা হতে একটি নথিও e-Filing সম্পন্ন না করা হলে সমস্যা সম্পর্কে জানাতে হবে। | সকল অনুবিভাগ প্রধান/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, উপসচিব/সি.সহ. সচিব/ সহ. সচিব। |
| ১৪ | মোহাজের সম্পত্তি | ১. গঠিত টাস্কফোর্স কর্তৃক ১ম পর্যায় রংপুর বিভাগের কার্যক্রম চলমান মর্মে সভায় জানানো হয়।<br>২. এ পর্যন্ত রংপুর বিভাগের ৬টি জেলার প্রতিবেদন পাওয়া গেছে। রংপুর বিভাগের সকল জেলার প্রতিবেদন পাওয়ার পর অন্য বিভাগের কার্যক্রম একইভাবে শুরু করা হবে এবং সিদ্ধান্ত অনুসরণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়।<br>৩. গাজীপুর জেলার টঙ্গিতে ২০ একর অবৈধ দখলদার জমি উদ্ধার করা হয়েছে যার বাজার মূল্য ১৬০০ কোটি টাকা মর্মে মহাপরিচালক, দুব্যঅ সভাকে অবহিত করেন। অতি সম্প্রতি মাননীয় প্রতিমন্ত্রী, সচিব এবং মহাপরিচালকসহ উক্ত জায়গা পরিদর্শন করেছেন।<br>৪. মোহাজেরদের বিদ্যুৎ বিল ২০১৭ থেকে এ পর্যন্ত ৩২৫ কোটি টাকা বকেয়া আছে মর্মে সভাকে অবহিত করা হয়। এ সংক্রান্ত একটি পত্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ১. মোহাজেরদের সম্পত্তি অবৈধ দখলদারদের কবল হতে উদ্ধারের বিষয়ে গঠিত টাস্কফোর্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২. কোন্ জেলা এবং উপজেলায় কী পরিমাণ মোহাজের সম্পত্তি আছে তার পরিমান উল্লেখ পূর্বক একটি প্রতিবেদন দাখিল করতে হবে।<br>৩. অবৈধ দখলদার জমি উদ্ধার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৪. মোহাজেরদের বকেয়া বিদ্যুৎ বিল ২০১৭ থেকে এ পর্যন্ত ৩২৫ কোটি টাকা প্রদানের ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক (দুব্যঅ)/অতিঃসচিব (ত্রাণ প্রশাসন)/ সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১৫ | বিবিধ | | | |
| ক. | দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ | দুর্যোগ বার্তা সেপ্টেম্বর ২০২১ সংখ্যা ইতিমধ্যে প্রকাশিত হয়েছে। এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাগণের নিকট কপি পৌছানো হয়েছে। ডিডিএমের কর্মকর্তাগণসহ জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, পিআইও এবং সংশ্লিষ্টদের মধ্যে বিতরণের জন্য ১৩০০ কপি দুর্যোগ বার্তা ডিডিএমে প্রেরণ করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়ে বিতরণের জন্য এ মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন। | সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নিয়মিতভাবে দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ করতে হবে। তাছাড়া প্রকাশিত বার্তা এখনও যেসকল মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি তা প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট কমিটি। |
| খ | মুজিববর্ষ-২০২০ উপলক্ষ্যে গৃহিত কার্যক্রম। | মুজিব শতবর্ষ ২০২০ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন 'ক' শ্রেণির পরিবার পুনর্বাসনের জন্য ২০২০-২০২১ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩৭,৭৮৬টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ বাবদ ৬৪৬,১৪,০৬,০০০/-(ছয়শত ছয়চল্লিশ কোটি চৌদ্দ লক্ষ ছয় হাজার টাকা মাত্র) বরাদ্দ প্রদান করা হয়। ২য় পর্যায়ে কাবিটা ও টিআর খাতে ২৮,৫০৫টি দুর্যোগ | মুজিববর্ষ- ২০২০ উপলক্ষ্যে গৃহিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও মনিটরিং করতে হবে। | মহাপরিচালক (দুব্যঅ)/ অতিরিক্ত সচিব (ত্রাণ)/ যুগ্মসচিব (দুব্য-৩), উপসচিব (ত্রাক-২)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সহনীয় বাসগৃহ নির্মাণ বাবদ ৫৪১,৫৯,৫০,০০০/-(পাঁচশত একচল্লিশ কোটি উনষাট লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) বরাদ্দ দেয়া হয়। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ৪৮ জেলার শতবর্ষে ভূমিহীন ও গ্রহহীন 'ক' শ্রেণির ১৯৪৭৩ টি পরিবারের পুনর্বাসনে "দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ বাবদ ৪৬৭,৩৫,২০,০০০/- টাকা বরাদ্দ দেয়া হয়েছে মর্মে সভায় জানানো হয়। | | |
| গ | দুর্যোগ ব্যবস্থাপনা স্বেচ্ছাসেবক সংগঠন বিধিমালা | দুর্যোগ ব্যবস্থাপনা স্বেচ্ছাসেবক সংগঠন বিধিমালার বিষয় 'জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন' গঠনের বিষয়ে আইনের ধারা ১৩ (১) এবং ১৩(২) ধারা নিয়ে বিস্তারিত আরো আলোচনা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। | আগামী এক মাসের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা স্বেচ্ছাসেবক সংগঠন বিধিমালা প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ঘ | দুর্যোগ ব্যবস্থাপনা (তহবিল পরিচালনা) বিধিমালা ২০২১ এর আলোকে তহবিল গঠন | দুর্যোগ ব্যবস্থাপনা (তহবিল পরিচালনা) বিধিমালা ২০২১ এর আলোকে ইতোমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ঢাকায় একটি ব্যাংক হিসাব খোলা হয়েছে। জেলা পর্যায়ে হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয় হতে গত ১৫/৫/২০২১ খ্রিঃ তারিখে ২০৮ নং স্মারকে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে অনুরোধ করে পত্র দেয়া হয়েছে মর্মে সভায় জানানো হয়। তাছাড়া জেলা প্রশাসকের মাধ্যমে অর্থনৈতিকভাবে কর্মকান্ডে দুর্বল জেলায় সরকারের তরফ থেকে এ একাউন্টে কন্ট্রিবিউট করার বিষয়ে সভায় আলোচনা হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা (তহবিল পরিচালনা) এর বিষয়ে জেলা প্রশাসকগণ কর্তৃক স্ব স্ব জেলার তফসিলি ব্যাংকে ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে অগ্রগতি মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর মন্ত্রণালয়কে অবহিত করবেন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ত্রাণ অনুবিভাগ, মহাপরিচালক, ডিডিএম এবং জেলা প্রশাসক (সকল)। |
| ঙ. | রোহিঙ্গা সেলের পরিবর্তে শরণার্থী সেল শব্দ ব্যবহার | শরণার্থী ত্রাণ ও পূর্ণবাসন কমিশনার সভায় রোহিঙ্গা সেলের পরিবর্তে শরণার্থী সেল শব্দ ব্যবহার করার বিষয়ে সবাইকে অনুরোধ করেন। | রোহিঙ্গা সেলের পরিবর্তে শরণার্থী সেল শব্দ ব্যবহার করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| চ. | জনবল পদায়ন | বিভিন্ন শাখা/অধিশাখা/অনুবিভাগ হতে জনবলের চাহিদার বিষয়ে আলোচনা হয়। | জনবলের অভাবে শাখা/অধিশাখা/অনুবিভাগের কর্মকান্ড যেন ব্যাহত না হয় সে বিষয়ে নজর রাখতে হবে। | অতিরিক্ত সচিব যুগ্মসচিব/উপসচিব (প্রশাঃ)। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০২/২০২২

(মোঃ কামরুল হাসান *এনডিসি*)
সচিব